



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

১৩-১৪ জয়নাগ রোড, বকশীবাজার, ঢাকা- ১২১১


পত্র নং- ঢাবো/পনি/২০২

তারিখ : ৩১.১০.২০১৭

বিষয় : জেএসসি পরীক্ষা ২০১৭ সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠিত হওয়ার জন্য কেন্দ্র সচিবদের প্রতি জরুরি নির্দেশনা

১. পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে।
২. কোন পরীক্ষার্থী যাতে কোন উপায়ে অসুদুপায় অবলম্বন করতে না পারে এ জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। পরীক্ষা কেন্দ্রের প্রধান ফটকে পরীক্ষার্থীদের দেহ তল্লাশি করে কেন্দ্রে প্রবেশের অনুমতি দিতে হবে।
৩. কেন্দ্র সচিব ব্যতিত অন্য কেউ মোবাইল ফোন/ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না। কেন্দ্র সচিব ছবি তোলা যায় না এমন মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন।
৪. প্রতি ২০ জন পরীক্ষার্থীর জন্য ১ জন প্রত্যবেক্ষক পরীক্ষা কক্ষে দায়িত্ব পালন করবেন।
৫. ৫ ফুট/৬ ফুট লম্বা প্রতি বেঞ্চে ২ জন এবং ৪ ফুট লম্বা বেঞ্চে ১ জন পরীক্ষার্থীর আসন ব্যবস্থা করতে হবে।
৬. পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৭. ১৪৪ ধারা জারিকৃত চিহ্নিত স্থানগুলোতে লাল পতাকা টানাতে হবে।
৮. পরীক্ষা শুরুর পূর্বে পরীক্ষা কেন্দ্রের বাইরে পরীক্ষার্থী, অভিভাবক বা অন্য কেউ যাতে জটলা সৃষ্টি করতে না পারে সে ব্যাপারে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৯. প্রতিটি কেন্দ্রে কয়েকজন শিক্ষক সমন্বয়ে ভিজিলেন্স টীম গঠন করতে হবে।
১০. বোর্ড সরবরাহকৃত নকল প্রতিরোধমূলক পোস্টার পরীক্ষা কেন্দ্রের প্রবেশ পথের দৃশ্যমান স্থানে লাগাতে হবে।

এছাড়া জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা ২০১৭ এর নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণের জন্য অনুরোধ করা হ'ল।

  
প্রফেসর মো: মাহাবুবুর রহমান


চেয়ারম্যান  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন: ০২-৯৬১৫২৩৫

কেন্দ্র সচিব

এ বোর্ডের আওতাধীন জেএসসি পরীক্ষা- ২০১৭ এর সকল কেন্দ্র

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. জেলা প্রশাসক, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
৪. অফিস কপি।

  
চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা